

গৃহশ্রমিক অধিকার প্রতিষ্ঠা নেটওয়ার্ক

সচিবালয়: বাংলাদেশ ইনস্টিটিউট অব লেবার স্টাডিজ-বিল্ডস

বাড়ি নং-২০, রোড নং-১১ (নতুন) ৩২ (পুরাতন), ধানমন্ডি, ঢাকা-১২০৯

তারিখ: ১৬ জুন ২০২১

প্রেস বিজ্ঞপ্তি

আন্তর্জাতিক গৃহশ্রমিক দিবস ২০২১

সারাদেশে গৃহশ্রমিকদের উপর অব্যাহত সহিংসতা বন্ধে নির্যাতনকারীদের দৃষ্টান্তমূলক শাস্তি দাবি

সারাদেশে গৃহশ্রমিকদের উপর অব্যাহত সহিংসতা বন্ধ, আইনি সুরক্ষাসহ নির্যাতনকারীদের দৃষ্টান্তমূলক শাস্তি, ক্ষতিগ্রস্তদের সুচিকিৎসা ও উপযুক্ত ক্ষতিপূরণের দাবি জানিয়েছেন ট্রেড ইউনিয়ন এবং নাগরিক সমাজের প্রতিনিধিরা। আজ ১৬ জুন ২০২১ (বুধবার) জাতীয় প্রেসক্লাবের সামনে গৃহশ্রমিক অধিকার প্রতিষ্ঠা নেটওয়ার্ক এর উদ্যোগে আন্তর্জাতিক গৃহশ্রমিক দিবস ২০২১ উপলক্ষে আয়োজিত মানববন্ধন ও প্রতিবাদ সভায় এ দাবি জানানো হয়।

মানববন্ধন ও প্রতিবাদ সভায় বক্তারা বলেন, সাম্প্রতিক বছরগুলোতে গৃহকর্মে নিযুক্ত শ্রমিকের উপর নির্যাতন, হত্যা, ও মানবাধিকার লংঘনের মতো প্রভূতি ঘটনা উদ্বেগজনক ভাবে বেড়ে গেছে। এরকম পরিস্থিতিতে আজ পালিত হচ্ছে আন্তর্জাতিক গৃহশ্রমিক দিবস। গৃহশ্রমিক হিসেবে যেমন তাদের রয়েছে কিছু ন্যায্য অধিকার তেমনি রয়েছে মানুষ হিসাবে মর্যাদা পাবার অধিকার। এই করনাকালীন সময়ে গৃহশ্রমিকরা সরকারি ও বেসরকারি পর্যায় থেকে তেমন কোন সাহায্য বা সহযোগিতা পায়নি এবং তাদের একটা বড় অংশই চাকুরিচ্যুত এবং কর্মহীন। ফলে তাদের বেঁচে থাকাটাই এখন কঠিন হয়ে পড়েছে। এইরকম পরিস্থিতিতে তাদের উপর এই ধরনের সহিংসতার ও নির্যাতনের ঘটনা অমানবিকতার চরম নিদর্শন।

বক্তারা বলেন, সম্প্রতি (১১ জুন, ২০২১) ঢাকার উত্তরার ৯নং সেক্টরের একটি বাসায় নিয়াসা আক্তার (১৮) নামের গৃহকর্মী নির্যাতনের শিকার হয়েছেন। দেশব্যাপী গৃহশ্রমিকদের সুরক্ষায় প্রণীত ‘গৃহকর্মী সুরক্ষা ও কল্যাণ নীতি ২০১৫’ বাস্তবায়ন না হওয়ায় দেশে একের পর এক গৃহশ্রমিকের মৃত্যু ও নির্যাতনের ঘটনা ঘটছে। তারা বলেন, বিচারহীনতার কারণে দোষীরা বার বার গৃহশ্রমিকদের উপর নির্যাতনের সাহস পায়। যদি এসব ঘটনায় দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তি দেওয়া হয়, তাহলে সেই ভয়ে আর কেউ গৃহশ্রমিকদের নির্যাতনের সাহস দেখাবে না।

এসময় বক্তারা আইএলও কনভেনশন-১৮৯ অনুসমর্থন করাসহ সারাদেশে গৃহশ্রমিকদের নিরাপত্তা রক্ষায় ‘গৃহকর্মী সুরক্ষা ও কল্যাণ নীতি-২০১৫’ বাস্তবায়ন, শ্রম আইনে গৃহশ্রমিকদের অন্তর্ভুক্ত করা, গৃহশ্রমিকদের মামলায় সরকারিভাবে আইনি সহায়তা প্রদান, সব গৃহশ্রমিকের কর্মক্ষেত্রে নিরাপত্তা ও নিরাপদ অভিবাসন নিশ্চিত করা, নির্যাতনে নিহত শ্রমিক পরিবার ও আহত শ্রমিকদের ন্যায়সঙ্গত ক্ষতিপূরণ প্রদান, আহত শ্রমিকদের চিকিৎসা ব্যয় নিয়োগকারী কর্তৃক বহন করা, নিহত শ্রমিক পরিবার ও আহত শ্রমিকদের স্থায়ী পুনর্বাসনের দাবি জানান।

এছাড়া আন্তর্জাতিক গৃহশ্রমিক দিবস ২০২১ উপলক্ষে বিল্ডস-সুনীতি প্রকল্প ও বিল্ডস-আইএলও ওয়ার্ক ইন ফ্রিডম প্রকল্পের উদ্যোগে গৃহশ্রমিকদের বিষয়ে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ঢাকা শহরের বিভিন্ন স্থানে সুসজ্জিত ভ্যানে করে গৃহশ্রমিকদের অধিকার বিষয়ে সচেতনতামূলক প্রচারণা, ব্যানার লাগানোসহ পোস্টার ও লিফলেট বিতরণ করা হয়।

গৃহশ্রমিক অধিকার প্রতিষ্ঠা নেটওয়ার্কের ভারপ্রাপ্ত সমন্বয়কারী আবুল হোসাইনের সভাপতিত্বে মানববন্ধন ও প্রতিবাদ সভায় আরো বক্তব্য রাখেন জাতীয় শ্রমিক জোট বাংলাদেশের সভাপতি সাইফুজ্জামান বাদশা, জাতীয় শ্রমিক লীগের ট্রেড ইউনিয়ন বিষয়ক সম্পাদক ফিরোজ হোসাইন, গৃহশ্রমিক অধিকার প্রতিষ্ঠা নেটওয়ার্কের সদস্য সচিব ও বিল্ডস পরিচালক নাজমা ইয়াসমীন প্রমুখ। এছাড়া গৃহশ্রমিক অধিকার প্রতিষ্ঠা নেটওয়ার্কভূক্ত মানবাধিকার সংগঠন, জাতীয় ট্রেড ইউনিয়ন ফেডারেশন ও নাগরিক সমাজের প্রতিনিধিবৃন্দ উপস্থিত ছিলেন।

ধন্যবাদান্তে-



মামুন অর রশিদ

তথ্য কর্মকর্তা, বিল্ডস

মোবাইল: ০১৯১৪৮৯১২২৩